

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৮.২০-১২৬

তারিখঃ ২১/০৯/২০২০

বিষয়ঃ পিপিআর, ২০০৮ এর সংশোধিত বিধি নং-৭৬(১)(ছে), শিল্প মন্ত্রণালয়ের সাব-কন্ট্রাকটিং গেজেট বিধিমালা, ১৯৮৯ এবং মহামান্য আদালতের আদেশের আলোকে বিসিক তালিকাভুক্ত প্রতিষ্ঠান শওকত ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ হতে কোম্পানির প্রয়োজনীয় লিক রিপেয়ার ক্ল্যাম্প ক্রয়ের বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ-২৮.১৩.০০০০.০৫৬.৩০.০০১.২০/ক্ল্যাম্প/৫০; তারিখঃ ২৩/০৮/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত পত্রে যে তিনটি বিষয়ে (দফা-১, ২ ও ৩) সিপিটিইউ'র মতামত চাওয়া হয়েছে তার মধ্যে দফা-১ ও ২ এর বিষয়টি মহামান্য আদালতের আদেশ সংক্রান্ত আইনী বিষয় বিধায় উক্ত বিষয়সমূহে মতামত দেয়া সিপিটিইউ'র এখতিয়ারাধীন নয়।


০২। বিষয়োক্ত পত্রে উল্লিখিত দফা-৩ এর বিষয়ে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬(১)(জ) অনুযায়ী কোন সরকারি বা বিধিবদ্ধ সংস্থা কর্তৃক অনুমোদিত বিনির্দেশ অনুযায়ী স্থানীয় ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করে বিশেষায়িত পণ্য ক্রয়ের বিধান আছে। তবে বিবেচ্য পত্রে এরূপ ক্রয়ের ক্ষেত্রে যে বিধি উল্লেখ করা হয়েছে [বিধি-৭৬(১)(ছে)] সেটি প্রকৃতপক্ষে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য। কোন শিল্প প্রতিষ্ঠান স্থানীয় ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন প্রাপ্ত হলে এবং উক্ত প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য কোন সরকারি বা বিধিবদ্ধ সংস্থার (উদাহরণস্বরূপ বিসিক) অনুমোদিত বিনির্দেশ অনুযায়ী উৎপাদিত হলে সেক্ষেত্রে উক্ত পণ্য ও সংশ্লিষ্ট সেবা বিধি-৭৬(১)(জ) এর নির্দেশনা অনুযায়ী তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ক্রয় করতে পারে। তবে দেশে এ ধরনের পণ্যের উৎপাদক রয়েছে কী না এবং সে ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণের সুযোগ রয়েছে কী না সেটি যাচাই করার আবশ্যিকতা রয়েছে। উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করার সুযোগ না থাকলে বিধি-৪৩(৩)(ক) অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি ব্যতীত অন্য ক্রয় পদ্ধতি অনুসরণের যৌক্তিকতা নথিভুক্ত করতে হবে। উল্লেখ্য, সরাসরি ক্রয় পদ্ধতিতে দরপত্র দলিলের মূল্য আদায়, দরপত্র জামানত দাখিল বা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশের বিধান নেই।

০৩। বিবেচ্য পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে, সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর তফসিল-৩ এর অংশ-‘চ’ এ বর্ণিত ফ্লো-চার্ট অনুসরণ করতে হবে। এ পদ্ধতিতে দরদাতার সঙ্গে নেগোসিয়েশন বাধ্যতামূলক।

০৪। প্রসঙ্গত উল্লেখ্য, সরকারি তহবিলের আওতায় পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে অন্য আইন, বিধি বা আদেশে যা কিছু থাকুক না কেন সরকারি ক্রয় আইনের (পিপিএ, ২০০৬) বিধান অনুসরণ করতে হবে (পিপিএ, ২০০৬ এর ধারা-৪)। তবে সরকারি মালিকানাধীন কোম্পানীর নিজস্ব তহবিলের আওতায় ক্রয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এর বিধানাবলী অনুসরণ করা বাধ্যতামূলক নয় [ধারা-৩(২)(গ)]।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক
তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়
তিতাস গ্যাস ভবন, ১০৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।


তারিখঃ ২১/০৯/২০২০
মোহাম্মদ সালাহ উদ্দিন
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-২/২০১

অনুলিপি (জ্যেষ্ঠার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।